# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো ফরয সালাতের পর আল্লাহর কাছে তাঁর যিকির, তাঁর শুকরিয়া আদায় ও তাঁর উত্তম ইবাদত করতে পারার জন্য তাঁর সাহায্য কামনা করা

ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْمَرْءِ أَنْ يَسْتَعِينَ بِاللَّهِ جَلَّ وَعَلَا عَلَى ذِكْرِهِ وَشُكْرِهِ وَحُسْنِ عِبَادَتِهِ عُقَيْبَ الصلوات المفروضات

---

আরবী

2017 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حدثنا إسحاق بن إبراهيم قال: أخبرنا المقرىء حَدَّثَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ سَمِعْتُ عُقْبَةَ بْنَ مسلم التجيبي يقول: حدثني أبو عبد الرحمن الحبلي عن الصنابحي عن معاذ بن جبل: إن رسول الله صلى الله عليه وسلم أَخَذَ بِيَدِ مُعَاذٍ فَقَالَ: (يَا مُعَاذُ وَاللَّهِ إِنِّي لَأُحِبُّكَ) فَقَالَ مُعَاذٌ: بِأَبِي أَنْتَ وَأُمِّي وَاللَّهِ إِنِّي لَأُحِبُّكَ فَقَالَ: (يَا مُعَاذُ أُوصِيكَ أَنْ لَا تَدَعَنَّ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ أَنْ تَقُولَ: اللَّهُمَّ أَعِنِّي عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ) قَالَ: وَأَوْصَى بِذَلِكَ مُعَاذٌ الصُّنَابِحِيَّ وَأَوْصَى بِذَلِكَ الصُّنَابِحِيُّ أَبَا عَبْدِ الرَّحْمَنِ وَأَوْصَى بِذَلِكَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ عُقْبَةَ بْنَ مُسْلِمٍ
الراوي : معاذ بن جبل | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2017 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1362)

বাংলা

২০১৭. মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার হাত ধরেন তারপর বলেন, “হে মুয়ায, আল্লাহর কসম, আমি তোমাকে ভালবাসি।” তখন মুয়ায রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আপনার জন্য আবার বাবা মা কুরবান হোক! আল্লাহর কসম, নিশ্চয়ই আমিও আপনাকে ভালবাসি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে মুয়ায, আমি তোমাকে অসিয়ত করছি যে, তুমি প্রত্যেক সালাতের পর এটা বলা ছেড়ে দিবে না: اللَّهُمَّ أَعِنِّي عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ (হে আল্লাহ,

আপনি আমাকে সাহায্য করুন আপনার যিকির করতে, আপনার শুকরিয়া আদায় করতে এবং আপনার উত্তম ইবাদত করতে)।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৪৪-২৪৫; আবূ দাঊদ: ১৫২২; তাবারানী: ২০/১১০; সহীহ ইবনু খুযাইমাহ: ৭৫১; হাকিম: ১/২৭৩; নাসাঈ: ৩/৫৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91335

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন